

## 💵 প্রশোত্তরে রম্যান ও ঈদ

বিভাগ/অধ্যায়ঃ ঈদ: সংজ্ঞা, প্রচলন ও হুকুম আহকাম রচয়িতা/সঙ্কলকঃ অধ্যাপক মোঃ নূরুল ইসলাম

প্রথম রাকআতে অতিরিক্ত ৭ এবং দ্বিতীয় রাকআতে অতিরিক্ত ৫ তাকবীরে (অর্থাৎ অতিরিক্ত মোট ১২ তাকবীরে) যারা ঈদের সালাত আদায় করে থাকেন তাদের দলীল কি?

(১) আয়েশা (রাঃ) থেকে বর্ণিত, তিনি বলেছেন যে,

أَنَّ رَسُوْلَ اللهِ \_صلى الله عليه وسلم\_ كَانَ يُكَبِّرُ فِي الْفِطْرِ وَالأَصْحَى فِي الْأُوْلَى سَبْعَ تَكْبِيْرَات وَفِيْ الثَّانِيَةِ خَمْسًا

রাসুলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম ঈদুল ফিতর ও ঈদুল আযহার সালাতে ১ম রাকআতে (অতিরিক্ত) ৭টি তাকবীর ও ২য় রাকআতে (অতিরিক্ত) ৫টি তাকবীর পাঠ করতেন। (আবূ দাউদ : ১০১৮)

[২] হাদীসে আরো এসেছে:

ابنُ عباس كَبَّرَ فِي العِيْدِ اتَّنتَى عَشَرَةَ تَكْبِيْرَةً سَبْعًا فِي الْأُولَى وَخَمْسًا فِي الآخِرَةِ

(প্রখ্যাত সাহাবী) ইবনে আব্বাস রাদিয়াল্লাহু আনহু ঈদের সালাতে অতিরিক্ত) ১২ তাকবীর বলেছেন। প্রথম রাকআতে ৭টি এবং দ্বিতীয় রাকআতে ৫টি। (বায়হাকী ৩/৪০৭)

Source — https://www.hadithbd.com/books/link/?id=2627

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন